



নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

Narayanganj City Corporation

নগর ভবন, ১০, বঙ্গবন্ধু রোড, নারায়ণগঞ্জ-১৪০০, বাংলাদেশ।

www.ncc.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

তারিখ : ১১ এপ্রিল, ২০২০ খ্রিঃ

প্রেস বিজ্ঞপ্তি

আপনাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস সংক্রমণ নারায়ণগঞ্জ নগরীতে ব্যাপক আকার ধারণ করেছে। ইতোমধ্যে নারায়ণগঞ্জ জেলা কে লকডাউন করা হয়েছে। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এ পরিস্থিতি মোকাবেলায় বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছে।

এ কার্যক্রমের আওতায় কন্ট্রোলরুম স্থাপন করা হয়েছে (০২-৭৬৩৪৯৮৮, ০১৯৫৪-২০৫৫৭৫, ০১৭১০-৩০৬৬৪১)। তিনটি অঞ্চলের জন্য পৃথক ০৩ টি মেডিকেল টিম গঠন করা হয়েছে। নগরীতে নিয়মিত জীবানুনাশক পানি ছিটানো হচ্ছে। পরিষ্কার-পরিচ্ছন্ন ও মশক নিধন কার্যক্রম অব্যাহত রয়েছে। সচেতনতামূলক প্রচারণা চলমান রয়েছে।

এছাড়া করোনা ভাইরাস সনাক্তকরণের লক্ষে বিগত ০৭ এপ্রিল থেকে অদ্য ১১ এপ্রিল, ২০২০ খ্রিঃ পর্যন্ত ৩২ জনের নমুনা সংগ্রহ করা হয়েছে এর মধ্যে ১৮ জনের করোনা পজিটিভ সনাক্ত হয়েছে।

মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল হতে মানবিক সহায়তা হিসাবে গত ২৬ মার্চ থেকে ৭ এপ্রিল ২০২০ খ্রিঃ পর্যন্ত মোট ১৯৫.৮২ মে.টন (১,৯৫,৮২০ কেজি) চাল ও আনুষঙ্গিক খাদ্যসামগ্রী ক্রয়ের জন্য ৮,৬২,৮০০/- (আট লক্ষ বাষট্টি হাজার আটশত) টাকা এবং শিশুখাদ্য ক্রয়ের জন্য = ৭০,০০০/- (সত্তর হাজার) টাকা স্বল্প আয়, দুঃস্থ ও কর্মহীন মানুষের মাঝে বিতরণের জন্য বরাদ্দ পাওয়া গিয়েছে। এর মধ্যে ১০৬.৩২ মে.টন (১,০৬,৩২০ কেজি) চাল ও ৪,৭২,৮০০/- (চার লক্ষ বাহাতির হাজার আটশত) টাকা উত্তোলন করা হয়েছে। অবশিষ্ট ৮৯.৫০০ মে.টন চাল ও ৪,৬০,০০০/- টাকা ডিও প্রাপ্তি সাপেক্ষে উত্তোলন করা হবে। উত্তোলনকৃত চাল ও আনুষঙ্গিক খাদ্যসামগ্রী ২৭ টি ওয়ার্ডে ৩৬ জন কাউন্সিলরের মধ্যে ভোটার সংখ্যার আনুপাতিক হারে বণ্টনপূর্বক সরকারি নির্দেশনা অনুযায়ী ১০,৬৩২ টি পরিবারের মাঝে কাউন্সিলরদের মাধ্যমে বিতরণ করা হয়েছে। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে এ কার্যক্রম অব্যাহত থাকবে। উল্লেখ্য ইতোমধ্যে কাউন্সিলরের মাধ্যমে দুঃস্থ ও কর্মহীন মানুষের তালিকা প্রস্তুত করা হয়েছে।

নগরীতে করোনা ভাইরাস সংক্রমণ/উপসর্গ নিয়ে মৃত্যুবরণকারী ব্যক্তিদের সিটি কর্পোরেশনের ব্যবস্থাপনায় মৃতদেহ সংস্কার করা হচ্ছে।

সচেতনতা ও সাবধানতাই করোনা সংক্রমণ প্রতিরোধের একমাত্র উপায়। আসুন সকলে সরকারি নির্দেশনা মেনে চলি। ঘরে থাকি, ঘন ঘন সাবান-পানি দিয়ে হাত ধুই, হাঁচি-কাশি দেয়ার সময় মুখ ঢেকে রাখি, সামাজিক দূরত্ব বজায় রাখি। সৃষ্টিকর্তার নিকট এ মহামারি হতে মুক্তির জন্য প্রার্থনা করি।

ডা. সেলিনা হায়াৎ আইভী

মেয়র

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন